

একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

শিক্ষা মন্ত্রণালয়

বাজেট শাখা

www.shed.gov.bd

তারিখ: ১১ আষাঢ় ১৪৩০
২৫ জুন ২০২৩

নং- ৩৭.০০.০০০০.০৬৪.৯৯.০০৩.২৩.৩৯৭

বিষয়: শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীবৃন্দের জন্য বিশেষ অনুদান" খাতে বরাদ্দকৃত অর্থ বিতরণের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের তালিকা প্রকাশ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২০২২-২৩ অর্থবছরে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীবৃন্দের জন্য বিশেষ অনুদান" খাতে বরাদ্দকৃত অর্থ বিতরণের লক্ষ্যে নিম্নোক্ত শর্তে সংযুক্ত তালিকা মোতাবেক ২৪০ টি শিক্ষা প্রতিষ্ঠান, ৩৯৯ জন শিক্ষক-কর্মচারী, ৩৫৯৮ জন ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণির শিক্ষার্থী, ২৫৫৯ জন ৯ম থেকে ১০ম শ্রেণির শিক্ষার্থী, ১৮১৮ জন একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষার্থী এবং ১৬২৬ জন স্নাতক ও তদুর্ধ্ব পর্যায়ের শিক্ষার্থী মোট ৯৬০১ জন শিক্ষার্থীকে নির্দেশক্রমে মনোনয়ন প্রদান করা হলো:

শর্তসমূহ:

- (১) মনোনীত ২৪০ টি শিক্ষা প্রতিষ্ঠান প্রতিটি ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা প্রাপ্য হবে;
- (২) মনোনীত ৩৯৯ জন শিক্ষক-কর্মচারী প্রত্যেকে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা প্রাপ্য হবে;
- (৩) ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণির মনোনীত ৬১৫৭ জন ছাত্রছাত্রী প্রত্যেকে ৮,০০০/- (আট হাজার) টাকা প্রাপ্য হবে;
- (৪) একাদশ ও দ্বাদশ শ্রেণির ১৮১৮ জন ছাত্রছাত্রী প্রত্যেকে ৯,০০০/- (নয় হাজার) টাকা প্রাপ্য হবে;
- (৫) স্নাতক ও তদুর্ধ্ব পর্যায়ে ১৬২৬ জন ছাত্রছাত্রী প্রত্যেকে ১০,০০০/- (দশ হাজার) টাকা প্রাপ্য হবে;
- (৬) বরাদ্দকৃত অর্থ বাংলাদেশ ডাক বিভাগের ডিজিটাল ফিন্যান্সিয়াল সার্ভিস 'নগদ' কর্তৃক মনোনীত শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব ব্যাংক হিসাবে অনলাইন এর মাধ্যমে এবং শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে বরাদ্দকৃত অর্থ মোবাইল ব্যাংকিং নগদ এর মাধ্যমে অর্থ বিতরণ করা হবে।

সংযুক্তিসমূহ:

- (ক) মনোনীত মনোনীত ২৪০ টি শিক্ষা প্রতিষ্ঠানের নামের তালিকা (১০ পৃষ্ঠা);
- (খ) মনোনীত ৩৯৯ জন শিক্ষক-কর্মচারীর নামের তালিকা (১৯ পৃষ্ঠা);
- (গ) মনোনীত ৩৫৯৮ জন ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণির ছাত্রছাত্রীর নামের তালিকা (১৪৯ পৃষ্ঠা);
- (ঘ) মনোনীত ২৫৫৯ জন ৯ম থেকে ১০ম শ্রেণির ছাত্রছাত্রীর নামের তালিকা (১০৫ পৃষ্ঠা);
- (ঙ) মনোনীত ১৮১৮ জন একাদশ থেকে দ্বাদশ শ্রেণির ছাত্রছাত্রীর নামের তালিকা (৬৬ পৃষ্ঠা);
- (চ) মনোনীত ১৬২৬ জন স্নাতক ও তদুর্ধ্ব পর্যায়ে ছাত্রছাত্রীর নামের তালিকা (৬১ পৃষ্ঠা);

১১-৭-২০২৩
১১/০৬/২৩
১১/০৬/২৩ - ১১/০৬/২৩
১১/০৬/২৩ - ১১/০৬/২৩

২৫/৬/২০২৩
মোঃ নূর-ই-আলম
উপসচিব
ফোন: ৯৫১২২০৫

ইমেইল: moebudgetsection@gmail.com

ইমেল: moebudgetsection@gmail.com

